গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০৬০.১৬.৫৬৬

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৪
০৪ ডিসেম্বর ২০১৭

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে সরকারি অনুদানে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব আহবান।**

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা এবং মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য ২০১৭-২০১৮ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনী ও চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রস্তাবক/প্রযোজক/পরিচালক/চলচ্চিত্র নির্মাতা/চলচ্চিত্র ব্যক্তিত্ব/সংশ্লিষ্ট বিষয়ে পেশাদার প্রতিষ্ঠান/লেখক/চিত্রনাট্যকারদের নিকট থেকে পূর্ণাঙ্গ প্যাকেজ (১২ সেট) প্রস্তাব আহবান করা যাচ্ছে।

**শর্তাবলি ও সুযোগ সুবিধা:**

১. অনুদানপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদানের প্রথম চেক প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজনে/অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে।

২. কেবলমাত্র বাংলাদেশের নাগরিক অনুদান প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশী শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয় তাহলে মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী চলচ্চিত্রে অংশগ্রহন করতে পারবেন।

৩. নির্মাণাধীন, সমাপ্ত বা মুক্তিপ্রাপ্ত কোনো চলচ্চিত্রের চিত্রনাট্য অনুদানের জন্য বিবেচিত হবে না।

৪. অনুদানে নির্মিত/নির্মিতব্য চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে এবং চুক্তিনামার শর্তাবলী বরখেলাপ করলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরৎ দিতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/-(তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারপত্র ( মুলকপিসহ ১২সেট ফটোকপি) আবেদনপত্রের সঙ্গে দিতে হবে। শর্ত খেলাপকারী সংশ্লিষ্ট প্রযোজকের বিরুদ্ধে সরকার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৫. প্রতি অর্থবছরে স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্রসহ সর্বোচ্চ ৫(পাঁচ)টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান প্রদান করা হবে। তন্মধ্যে কমপক্ষে ১(এক)টি হবে শিশুতোষ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। তবে উপযুক্ত প্রস্তাব না পাওয়া গেলে অনুদান প্রদান বন্ধ অথবা অনুদান প্রদানের সংখ্যা কমানো যাবে। অনুদানের অর্থ নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজককে প্রদান করা হবে।

৬. অনুদান প্রদানের পরেও সরকার যে কোনো যুক্তিসঙ্গত শর্ত আরোপ করতে পারবে।

৭. অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত এবং অনুমোদিত চলচ্চিত্রের প্রযোজককে অনুদান নিয়মাবলীর (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শিত) শর্তাবলির আওতায় অনুদান প্রদান করা হবে। এ ক্ষেত্রে অনুদান কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য ও চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাবের প্রতিটির ১২ (বারো) কপি করে জমা দিতে হবে। প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রাদি দাখিল/উল্লেখ করতে হবে:
   (ক) অনুদান প্রাপ্ত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে এবং চুক্তিনামার শর্তাবলী বরখেলাপ করলে অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সে[illegible] মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরৎ দিতে বাধ্য থাকবে- মর্মে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা;
   (খ) প্রস্তাবিত গল্প ও চিত্রনাট্য শিশুতোষ, সাধারণ শাখা না-কি প্রামাণ্যচিত্র তা আবেদনে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
   (গ) গল্প লেখক/কাহিনিকারের সম্মতিপত্র সংযুক্ত করতে হবে; (ঘ) প্রযোজকের নাম, মোবাইল নম্বরসহ জীবন-বৃত্তান্ত (পিতা-মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানসহ) সুস্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে। বর্তমান ও স্থায়ী ঠিকানার পরিবর্তন হলে তা তাৎক্ষণিকভাবে জানাতে হবে;
   (ঙ) প্রযোজকের ব্যাংক প্রত্যয়নপত্র, জাতীয় পরিচয়পত্র এবং চলচ্চিত্র বিষয়ক প্রতিনিধিত্বকারী সংগঠনের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
   (চ) প্রস্তাবক, প্রযোজক, পরিচালক, চিত্রনাট্যকারের স্পষ্টাক্ষরে পূর্ণ নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার বর্ণনা সম্বলিত জীবন-বৃত্তান্ত, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর, টিআইএন নম্বর অবশ্যই প্রস্তাবের সাথে দাখিল করতে হবে;
   (ছ) পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাবের সাথে চলচ্চিত্রের প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের নাম, ঠিকানা, তাদের শিক্ষাগতযোগ্যতা ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার বর্ণনা, নির্মাণ সংস্থার কারিগরি, আর্থিক ও অবকাঠামোগত সক্ষমতার বিবরণ, আউটডোর শুটিং স্পটের বিবরণ, পরিচালক নির্মিত একটি চলচ্চিত্রের নমুনা ও নির্মিতব্য চলচ্চিত্রের যথার্থ বাজেট বিভাজন দাখিল করতে হবে; এবং (জ) প্রস্তাবিত চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ দাখিল করতে হবে।

৯. নির্মিতব্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) ৩৫-৫৫ মিনিট হতে হবে।

১০. নির্মিতব্য চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে ন্যূনত (**2K Resolution**-এ) অথবা ৩৫ মি:মি: ফরমেটে নির্মাণ করা যাবে।

১১. কপিরাইট আইন এর আওতায় প্রস্তাবিত গল্পের লেখক/সংস্থা/প্রকাশকের অনুমতি নিতে হবে এবং সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করতে হবে।

১২. একই প্রযোজক/পরিচালককে দুইবারের বেশি অনুদান প্রদান করা হবে না।

১৩. কোনো প্রযোজক পর পর ০২ (দুই) বছর অনুদান পাওয়ার যোগ্য হবেন না।

১৪. নির্বাচিত চলচ্চিত্রের ক্ষেত্রে ১ম কিস্তির অর্থ গ্রহণের পূর্বে চলচ্চিত্রে অভিনয়/কাজ করার জন্য প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের চুক্তিপত্রের কপি এবং শুটিং সিডিউল, স্টোরি লাইন আপসহ চূড়ান্ত পাড়ুলিপি, লোকেশন ও সেট অনুযায়ী পূর্ণ শুটিং পরিকল্পনা, নির্মাণ সমাপ্তির শেষ তারিখ উল্লেখ করে দাখিল করতে হবে।

১৫. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য এবং চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব ১৪ জানুয়ারি ২০১৮ (রবিবার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে তথ্য মন্ত্রণালয়ের চলচ্চিত্র শাখায় পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন প্রস্তাব/দরখাস্ত গ্রহন করা হবে না।

১৬. আলোচ্য সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

০৪/১২/২০১৭
(পরিমল সরকার)
উপসচিব
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail: sas.film@moi.gov.bd

*D:\Unicode 08.06.2017\Anudan\advertisement 13.doc- 28 -*